# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৬৬. কেউ কাউকে আঘাত করলে ক্ষত শুকানোর পূর্বেই উহার ক্ষতিপূরণ দাবি করা

’আমর বিন্ শু’আইব তাঁর পিতা থেকে তাঁর পিতা তাঁর দাদা থেকে বর্ণনা করেন তিনি বলেন: জনৈক ব্যক্তি একটি শিং দিয়ে তাঁর হাঁটুতে আঘাত করলে তিনি রাসূল (সা.) এর নিকট গিয়ে বললেন: হে আল্লাহ্’র রাসূল (সা.)! আপনি তার থেকে আমার ক্বিসাস (আঘাতের পরিবর্তে আঘাত) নিন। রাসূল (সা.) বললেন: তুমি সুস্থ হওয়া পর্যন্ত একটু অপেক্ষা করো। কিছু দিন পর তিনি আবারো রাসূল (সা.) এর নিকট গিয়ে বললেন: হে আল্লাহ্’র রাসূল (সা.)! আপনি তার থেকে আমার ক্বিসাস নিন। তখন রাসূল (সা.) উক্ত ব্যক্তি থেকে তাঁর জন্য ক্বিসাস নিলেন। ইতিমধ্যে আরো কিছু দিন অতিবাহিত হলে তিনি আবারো রাসূল (সা.) এর নিকট গিয়ে বললেন: হে আল্লাহ্’র রাসূল (সা.)! আমি তো এখন খোঁড়া হয়ে গিয়েছি। তখন রাসূল (সা.) বললেন:

قَدْ نَهَيْتُكَ فَعَصَيْتَنِيْ ، فَأَبْعَدَكَ اللهُ وَبَطَلَ عَرَجُكَ ، ثُمَّ نَهَى رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يُقْتَصَّ مِنْ جُرْحٍ حَتَّى يَبْرَأَ صَاحِبُهُ

“আমি তো তোমাকে নিষেধ করেছিলাম। কিন্তু তুমি তা শুনোনি। আল্লাহ্ তা’আলা তোমাকে নিজ কৃপা থেকে দূরে রাখুন! তোমার খোঁড়ামির আর কোন ক্ষতিপূরণ নেই। অতঃপর রাসূল (সা.) কারোর আঘাতের ক্বিসাস নিতে করেছেন যতক্ষণ না আঘাতপ্রাপ্ত ব্যক্তি পরিপূর্ণরূপে সুস্থ হয়ে যায়”।[1]

>

## ফুটনোট

[1] (আহমাদ, হাদীস ৭০৩৪ বায়হাক্বী, হাদীস ১৫৮৯৪ আব্দুর রাযযাক, হাদীস ১৭৯৯১ দারাক্বুত্বনী, হাদীস ২৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11416

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন